

সংসদীয় কমিটিকে স্বরাষ্ট্রমন্ত্রী শিবির নিষিদ্ধের পদক্ষেপ নেয়া হচ্ছে

নিজস্ব বার্তা পরিবেশক

ইসলামী ছাত্রশিবির ও আনসার আল ইসলাম বাংলাদেশসহ সব ধরনের জঙ্গি সংগঠন নিষিদ্ধ করার পদক্ষেপ নিচ্ছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির বৈঠকে এমন তথ্য দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকের কার্যপত্র থেকে এ তথ্য জানা গেছে। গতকাল সংসদ ভবনে কমিটির এ বৈঠক অনুষ্ঠিত হয়। তবে জঙ্গি সম্পৃক্ততার জন্য কতটি সংগঠন নিষিদ্ধ হতে পারে এবং এ বিষয়ে অগ্রগতি কত দূর সে বিষয়ে মন্ত্রী বিস্তারিত কোন ব্যাখ্যা দেননি। টিপু মুঙ্গির সভাপতিত্বে বৈঠকে কমিটির সদস্য স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান, শামসুল হক, মোজাম্মেল হোসেন, ওমর ফারুক চৌধুরী, ফরিদুল হক খান, আবুল কালাম আজাদ, আবু সাঈদ আল মাহমুদ, ফখরুল ইমাম ও কামরুন নাহার চৌধুরী উপস্থিত ছিলেন। এ সময় পুলিশের মহাপরিদর্শক একেএম শহীদুল হক, র‌্যগ্যাবের মহাপরিচালক বেনজীর আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।